

মেয়ের পরীক্ষায় সহযোগিতা করায় শিক্ষক বাবা শ্রীঘরে

ফুলবাড়িয়া (ময়মনসিংহ) প্রতিনিধি

১০ জুলাই ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের ময়



ফুলবাড়িয়া উপজেলায় এইচএসসি পরীক্ষা চলাকালে কেন্দ্রে তুকে নিজের মেয়েকে সহযোগিতা করার দায়ে বাবা আতিকুল ইসলামকে ১০ দিনের বিনাশ্রম কারাদ- দিয়েছেন ভার্মাণ আদালত। গতকাল দুপুরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরীক্ষা চলাকালে ফুলবাড়িয়া আছিম বহুখী উচ্চ বিদ্যালয় পরীক্ষাকেন্দ্রে এ ঘটনা ঘটে। আতিকুল আছিম শাহাবুদ্দিন ডিপ্রি কলেজের শরীরচর্চার শিক্ষক। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) কাবেরি জালাল বলেন, পরীক্ষা চলাকালে আছিম বহুখী উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রের ১০১ নম্বর কক্ষে প্রবেশ করে এক পরীক্ষার্থীর খাতা ওলট-পালট করে দেখছিলেন আতিকুল ইসলাম। এ সময় দায়িত্বরত ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সেলিমা আক্তার ভার্মাণ আদালত পরিচালনা করে তাকে আটক করে ১০ দিনের বিনাশ্রম কারাদ- দেন।